(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলী সওজ এর কার্যালয়
সড়ক বিভাগ, সুনামগঞ্জ
☎ ০৮৭১-৬৩৪৫৭, 🖷 ০৮৭১-৬১৬৩১
E-mail- eesun@rhd.gov.bd / eerhdsunamgonj@gmail.com

স্মারক নং :- ৩৫.০১.৯০৮৯.৪৭২.৯৯.০৪০.২৪-৩৪৫১ তারিখ:- ১৯/০৬/২০২৪

বিষয়ঃ সুনামগঞ্জ সড়ক বিভাগের আওতাধীন গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার (জেড-২৮০২) জেলা মহাসড়কের ১৪তম কিঃমিঃ-এ ছাতকে সুরমা নদীর উপর নির্মিত ৪০২.৬১ মিটার দীর্ঘ সেতুটি ''দুর্বিণশাহ সেতু'' নামকরণের প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। জনাব মুহিবুর রহমান মানিক, মাননীয় সংসদ সদস্য-২২৮, সুনামগঞ্জ-৫ কর্তৃক ০৬/০৫/২০২৪ তারিখে বাংলাদেশ জাতীয় সংসদে কার্যপ্রণালী বিধির-৭১ বিধি অনুসারে জরুরী জন-গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে মনোযোগ আকর্ষণের নোটিশ।

২। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সম্পত্তি শাখার স্মারক নং- ৩৫.০০.০০০০.০২৩.১৭.০৬১.২৩-১৩৪; তারিখ- ০৬/০৫/২০২৪খ্রিঃ।

৩। জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মে/২০২৪ মাসের সভার কার্যবিবরণী স্মারক নং- ০৫.৪৬.৯০০০.০১৫.০৬.০০২.১৯-৮৫; তারিখ- ১৩ জুন, ২০২৪।

৪। উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ এর এপ্রিল/২০২৪ মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী স্মারক নং- ০৫.০৬.৯০২৩.০০০.০৪.০০১.১৯-৩৯০; তারিখ- ০২ মে, ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারক সমূহের প্রেক্ষিতে যথাযথ সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ সড়ক বিভাগের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার (জেড-২৮০২) জেলা মহাসড়কের ১৪তম কিঃমিঃ-এ ছাতকে সুরমা নদীর উপর ৪০২.৬১ মিটার দীর্ঘ একটি সেতু নির্মাণ করা হয়। গত ১৯ অক্টোবর ২০২৩ তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী সেতুটি শুভ উদ্বোধন করেন এবং বর্তমানে সেতুটির উপর দিয়ে সকল ধরণের যানবাহন চলাচল করছে। গত ০৬ মে ২০২৪ তারিখে জনাব মুহিবুর রহমান মানিক, মাননীয় সংসদ সদস্য-২২৮, সুনামগঞ্জ-৫ বাংলাদেশ জাতীয় সংসদে কার্যপ্রণালী বিধির-৭১ বিধি অনুসারে জরুরী জন-গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে মনোযোগ আকর্ষণের নোটিশে উত্থাপন করেন যে, দেশের প্রখ্যাত মরমী সাধক বাউল দুর্বিণশাহ ১৯২১ সালে তাঁর নির্বাচনী এলাকা ছাতক উপজেলার নোয়ারাই ইউনিয়নে জন্ম গ্রহণ করেছিলেন। অসংখ্য আধ্যাতিক গানের গীতিকার, সুরকার ও শিল্পী দুর্বিণশাহ ১৯৭৭ সালে মৃত্যুর আগ পর্যন্ত অসাম্প্রদায়িত চেতনায় বিশ্বাসী বঙ্গবন্ধুর আদর্শের একজন সৈনিক ছিলেন। স্বাধীনতা উত্তর কালে তিনি ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতির দায়িত্ব পালন করেন। ১৯৭০ সালের নির্বাচনী প্রচারণায় বঙ্গবন্ধুর উপস্থিতিতে ছাতকের জনসভায় তিনি গান পরিবেশন করা ছাড়াও বঙ্গবন্ধুর নৌকায় ভোট দেবার জন্য অসংখ্য সভা সমাবেশে গান গেয়ে মানুষকে উদ্বুদ্ধ করেছিলেন। এই গুণী মানষুটির স্মৃতিকে স্মরণীয় করে রাখার জন্য এলাকাবাসীসহ দেশে বিদেশে অবস্থানরত তাঁর অগনিত ভক্ত অনুরাগীবৃন্দ বর্তমান সরকারের গত মেয়াদে ছাতকে সুরমা নদীর উপর নির্মিত ব্রীজের নাম ''দুর্বিণশাহ সেতু'' নামকরণের দাবী সেতু নির্মাণের শুরু থেকেই জানিয়ে আসছেন মর্মে মাননীয় সংসদ সদস্য বাংলাদেশ জাতীয় সংসদ-কে অবহিত করেন। এছাড়া জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মে/২০২৪ মাসের সভায় এবং উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ এর এপ্রিল/২০২৪ মাসের উপজেলা পরিষদ সাধারণ সভায় ছাতকে সুরমা নদীর উপর নির্মিত ব্রীজের নাম ''দুর্বিণশাহ সেতু'' নামকরণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

উপরোক্ত বর্ণনার আলোকে সুনামগঞ্জ সড়ক বিভাগের আওতাধীন গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার (জেড-২৮০২) জেলা মহাসড়কের ১৪তম কিঃমিঃ-এ ছাতকে সুরমা নদীর উপর নির্মিত ৪০২.৬১ মিটার দীর্ঘ সেতুটির নাম ''দুর্বিণশাহ সেতু'' নামকরণের প্রস্তাব তাঁর সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি :- সূত্রে উল্লেখিত স্মারক সমূহের কপি-- ১২ (বার) পাতা।

১৯/০৬/২৪

(মোঃ আশরাফুল ইসলাম প্রাং)
পরিচিতি নং-৬০২১৬২
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, সুনামগঞ্জ।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
সিলেট সড়ক সার্কেল, সিলেট।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সড়ক জোন, সিলেট।
০২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলী সওজ এর কার্যালয়
সড়ক বিভাগ, সুনামগঞ্জ
☎ ০৮৭১-৬৩৪৫৭, 🖷 ০৮৭১-৬১৬৩১
E-mail- eesun@rhd.gov.bd / eerhdsunamgonj@gmail.com

স্মারক নং :- ৩৫.০১.৯০৮৯.৪৭২.৯৯.০৪০.২৪-৩৪৫২ তারিখ:- ১৯/০৬/২০২৪

বিষয়ঃ সুনামগঞ্জ সড়ক বিভাগের আওতাধীন গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার (জেড-২৮০২) জেলা মহাসড়কের ১৪তম কিঃমিঃ-এ ছাতকে সুরমা নদীর উপর নির্মিত ৪০২.৬১ মিটার দীর্ঘ সেতুটির এ্যাপ্রোচ/সংযোগ সড়কের মিলন কেন্দ্রে নির্মিত গোলচত্ত্বরের নাম ''পাগল হাসান চত্বর'' নামকরণের প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। জনাব মুহিবুর রহমান মানিক, মাননীয় সংসদ সদস্য-২২৮, সুনামগঞ্জ-৫ কর্তৃক ০৬/০৫/২০২৪ তারিখে বাংলাদেশ জাতীয় সংসদে কার্যপ্রণালী বিধির-৭১ বিধি অনুসারে জরুরী জন-গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে মনোযোগ আকর্ষণের নোটিশ।

২। সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সম্পত্তি শাখার স্মারক নং- ৩৫.০০.০০০০.০২৩.১৭.০৬১.২৩-১৩৪; তারিখ- ০৬/০৫/২০২৪খ্রিঃ।

৩। জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মে/২০২৪ মাসের সভার কার্যবিবরণী স্মারক নং- ০৫.৪৬.৯০০০.০১৫.০৬.০০২.১৯-৮৫; তারিখ- ১৩ জুন, ২০২৪।

৪। উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ এর এপ্রিল/২০২৪ মাসের উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী স্মারক নং- ০৫.০৬.৯০২৩.০০০.০৪.০০১.১৯-৩৯০; তারিখ- ০২ মে, ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারক সমূহের প্রেক্ষিতে যথাযথ সম্মানের সাথে জানানো যাচ্ছে যে, সুনামগঞ্জ সড়ক বিভাগের আওতায় ২০২১-২০২২ অর্থবছরে গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার (জেড-২৮০২) জেলা মহাসড়কের ১৪তম কিঃমিঃ-এ ছাতকে সুরমা নদীর উপর ৪০২.৬১ মিটার দীর্ঘ একটি সেতু নির্মাণ করা হয়। ১৩তম কিঃমিঃ-এ সেতুর এ্যাপ্রোচ সড়ক ও ইলেকট্রনিক টোল প্লাজা অবস্থিত। গত ১৯ অক্টোবর ২০২৩ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী সেতুটি শুভ উদ্বোধন করেন এবং বর্তমানে সেতুটির উপর দিয়ে সকল ধরণের যানবাহন চলাচল করছে। গত ০৬ মে ২০২৪ তারিখে জনাব মুহিবুর রহমান মানিক, মাননীয় সংসদ সদস্য-২২৮, সুনামগঞ্জ-৫ বাংলাদেশ জাতীয় সংসদে কার্যপ্রণালী বিধির-৭১ বিধি অনুসারে জরুরী জন-গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কে মনোযোগ আকর্ষণের নোটিশে উত্থাপন করেন যে, গত ১৮ এপ্রিল ছাতক সুরমা ব্রীজের টোল প্লাজা এলাকায় মর্মান্তিক সড়ক দূর্ঘটনায় ছাতকের উদিয়মান বাউল শিল্পী মতিউর রহমান হাসান ওরফে পাগল হাসান সহ তিন জন লোক ঘটনাস্থলে মারা যান। পাগল হাসান আওয়ামী লীগের একজন কর্মী ছিলেন। কিশোর কাল থেকেই জাতীয় নির্বাচনসহ দলীয় মিটিং মিছিলে তাঁর সক্রিয় উপস্থিতি ছিল। তাঁর মৃত্যুতে শোকাহত এলাকাবাসী, তাঁর ভক্ত অনুরাগীসহ সর্ব মহল থেকে সামাজিক যোগাযোগ মাধ্যম ছাড়াও বিভিন্ন স্মরণ সভায় গোবিন্দগঞ্জ-ছাতক সড়কের সাথে সুরমা ব্রীজের সংযোগ সড়কের মিলন কেন্দ্রে নির্মিত গোলচত্ত্বরের নাম ''পাগল হাসান চত্বর'' নামকরণের দাবী বেশ জোড়েসুরে উচ্চারিত হওয়ার প্রেক্ষিতে গত ২৯ এপ্রিল ২০২৪ তারিখে অনুষ্ঠিত ছাতক উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় এই বষয়ে একটি প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়েছে মর্মে মাননীয় সংসদ সদস্য বাংলাদেশ জাতীয় সংসদ-কে অবহিত করেন। এছাড়া জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ এর জেলা উন্নয়ন সমন্বয় কমিটির মে/২০২৪ মাসের সভায় এবং উপজেলা নির্বাহী অফিসার, ছাতক, সুনামগঞ্জ এর এপ্রিল/২০২৪ মাসের উপজেলা পরিষদ সাধারণ সভায় ছাতকে সুরমা নদীর উপর নির্মিত ৪০২.৬১ মিটার দীর্ঘ সেতুটির এ্যাপ্রোচ/সংযোগ সড়কের মিলন কেন্দ্রে নির্মিত গোলচত্ত্বরের নাম ''পাগল হাসান চত্বর'' নামকরণের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

উপরোক্ত বর্ণনার আলোকে সুনামগঞ্জ সড়ক বিভাগের আওতাধীন গোবিন্দগঞ্জ-ছাতক-দোয়ারাবাজার (জেড-২৮০২) জেলা মহাসড়কের ১৪তম কিঃমিঃ-এ ছাতকে সুরমা নদীর উপর নির্মিত ৪০২.৬১ মিটার দীর্ঘ সেতুটির এ্যাপ্রোচ/সংযোগ সড়কের মিলন কেন্দ্রে নির্মিত গোলচত্ত্বরের নাম ''পাগল হাসান চত্বর'' নামকরণের প্রস্তাব তাঁর সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি :- সূত্রে উল্লেখিত স্মারক সমূহের কপি-- ১২ (বার) পাতা।

১৯/০৬/২৪
(মোঃ আশরাফুল ইসলাম প্রাং)
পরিচিতি নং-৬০২১৬২
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, সুনামগঞ্জ।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ
সিলেট সড়ক সার্কেল, সিলেট।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ
০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সড়ক জোন, সিলেট।
০২। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।